উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
jamalpursadar.jamalpur.gov.bd

জামালপুর সদর উপজেলা পরিষদের জানুয়ারী/২০২১ মাসের মাসিক সভার কার্য-বিবরণী ঃ

সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর।
সভার স্থান	ঃ	উপজেলা পরিষদ সভা কক্ষ, জামালপুর সদর।
সভার তারিখ ও সময়	ঃ	২৮ জানুয়ারী ২০২১, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা ঃ পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য ।

সভাপতি সভার শুরুতে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান পাশাপাশি অন্যান্য সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে স্বাগত জানিয়ে জামালপুর সদর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আজকের সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার গত ডিসেম্বর/২০২০ মাসের সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনান। সভায় কার্যবিবরনীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারী আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অত:পর আলোচ্যসূচী মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র:নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১)	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ	ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত থেকে উন্নয়ন তহবিলে মোট ১,১৩,২২,১৬১/- টাকা এবং ২০২০-২১ অর্থবছরের স্থানীয় সরকার মন্ত্রনালয় থেকে ১ম ও ২য় কিস্তিতে প্রাপ্ত ৪১,৩৭,০০০/- সহ মোট ১,৫৪,৫৯,১৬১/- টাকার বিপরীতে ৫৭টি প্রকল্পের তালিকা প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে বাছাই প্রক্রিয়া শেষ হয়েছে (তালিকা সংযুক্ত)। তালিকা অনুমোদিত হলে অল্প সময়ের মধ্যে প্রকল্প কমিটি ও টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজ শুরু করা যাবে। উপজেলা নির্বাহী অফিসার জামালপুর সদর জানান, অর্থ বছরের শেষে অর্থাৎ জুন মাসের শেষার্ধে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে কিনা তা মনিটরিং করা সম্ভব হয় না। বছরের শুরুতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের কঠোর নির্দেশনা রয়েছে। অতএব এ মাসের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।	ক) ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও মন্ত্রনালয় থেকে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে মোট ৫৭টি প্রকল্প চুড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। ফেব্রুয়ারী/২০২১ মাসের মধ্যে সরকারী বিধি বিধান অনুসরন ও কাজের গুণগত মান ঠিক রেখে দ্রুত কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১।উপজেলা প্রকৌশলী, সদর। ২। ইউপি চেয়ারম্যান (সকল)
(২)	স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, ২৮/০১/২০২১খ্রি: বিকাল ৩.০০ঘটিকার সময় করোনার ভ্যাকসিন পাওয়ার সম্ভাবনা রয়েছে।জামালপুর জেলার জন্য প্রথম পর্যায়ে ৭২ হাজার করোনার ডোজ যা ৩৬ হাজার মানুষ প্রয়োগ করতে পারবে। প্রথম টিকা দেওয়ার ২৪দিন পর ২য় ডোজ দেওয়া হবে। করোনা ভাইরাসের টিকা নিতে ইচ্ছুক ব্যক্তিগণ www. surakkha.gov.bd ওয়েব সাইট	বিস্তারিত আলোচনান্তে মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ২ বছর থেকে ১০ বছর পর্যন্ত একটি শিশুও যেন হাম রুবেলা টিকা প্রাপ্ত থেকে বাদ না পড়ে সে দিকে ইউপি	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর। ও সংশ্লিষ্ট কমিটি।

		থেকে নিবন্ধন করতে পারবেন এবং টিকার কার্ড সংগ্রহ করতে হবে। টিকা দেওয়া শেষ হলে টিকার সনদ গ্রহণ করতে হবে। অগ্রাধিকার ভিত্তিতে যাদের টিকা দেওয়া হবে তাদের তালিকা মন্ত্রণালয় থেকে সরবরাহ করা হয়েছে। এছাড়া ১৯ ডিসেম্বর থেকে ৩১ জানুয়ারী পর্যন্ত হাম রুবেলা ক্যাম্পেইন চলমান রয়েছে। এই ক্যাম্পেইন-এ ২বছর থেকে ১০ বছর এর কম বয়সী পর্যন্ত সকল শিশুদের টিকা দেওয়া হবে। করোনাকালীন সময়ে ৪২দিন এই কার্যক্রম চলবে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহযোগীতা কামনা করছি।এছাড়া ২৭/০১/২০২১খ্রিঃ পর্যন্ত জামালপুর সদর উপজেলায় ৯৫৫ জন করোনা আক্রান্ত রোগীর মধ্যে ৯৩৩ জন সুস্থ হয়েছে। মৃত্যু বরণ করেছে ৯জন। এবং হোম আইসোলেশনে আছে ১১ জন। উপজেলা পরিষদ থেকে ৬২টি কম্বল পাওয়া গিয়াছে যা কমিউনিটি ক্লিনিকের আয়াদের মধ্যে বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।	চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে বিশেষ দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
(৩)	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে ৩৪৭৬০ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে এবং সে অনুযায়ী কৃষি বিভাগ নিবিড় ভাবে কাজ করে যাচ্ছে। মাঠে দন্ডায়মান অন্যান্য রবি ফসলের অবস্থা ভালো। এছাড়া কৃষি বিভাগের বিভাগীয় অন্যান্য কাজ সুষ্টূভাবে চলমান রয়েছে।	বোরো আবাদ সহ বিভিন্ন রবি ফসলের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার লক্ষ্যে নিবিড় পর্যবেক্ষন সহ কৃষকদের বিভিন্ন সমস্যা মাঠ পর্যায়ে তদারকি করা ও কৃষি সংক্রান্ত বিভিন্ন সেবা কৃষকদের মাঝে পৌছিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর ২। ইউপি চেয়ারম্যান (সকল)
(৪)	মৎস্য বিভাগ	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, নিয়মিত জাটকা রক্ষা অভিযান, বাজার পরিদর্শন, মৎস্য হ্যাচারী আইন ২০১০, মৎস্য খাদ্য আইন ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে বাজার পরিদর্শন, শীতে মাছের রোগ প্রতিরোধের লক্ষ্যে মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে।	মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ, ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।
(৫)	প্রাণী সম্পদ বিভাগ	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, প্রাণীসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। তাছাড়া সরকারী নীতিমালা অনুযায়ী বিভিন্ন ঔষধ ও খাদ্যের দোকানে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।	প্রাণী সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ, ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন।	উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর।
(৬)	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২০ মাসে স্থায়ী পদ্ধতি -২৭টি, আই ইউ ডি-১০১টি, ইমপ্লান্ট- ১৩৩টি সেবা দেওয়া হয়েছে।এছাড়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে- ৪৬টি এবং সিজারিয়ান হয়েছে- ২৬টি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে -৪৫টি । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে।	স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বাড়াতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর।
(৭)	ত্রাণ ও পুনর্বাসনঃ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার সাধারন (কাবিখা) খাতে ৬১,৬৪,১৩২.৮৮/- টাকার বিপরীতে ২১টি প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সাধারণ (টিআর) সাধারন খাতে	কাজের গুণগতগত মান ঠিক ১ম ধাপের প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়ন সহ দ্বিতীয় ধাপের বরাদ্দের বিপরীতে জনগুরুত্বপূর্ণ উন্নয়নমুলক কাজের তালিকা	১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।

		৩৫,০৪,৬৬৩.৮৮/- বিপরীতে ৪৩টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া ইতোমধ্যে ২০২০-২১ অর্থ বছরের ২য় পর্যায়ের গ্রামীণ অবকাঠামে সংস্কার সাধারন (কাবিখা) খাতে ৪৫,২৮,০৯৭.২৬/-টাকা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সাধারণ (টিআর) সাধারন খাতে ৩৫,০৪,৬৬৩.৮৮/- টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	অগ্রাধিকার ভিত্তিতে প্রস্তুত করে দ্রুত সময়ের মধ্যে উক্ত প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট তালিকা জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	২। সংশ্লিষ্ট কমিটি।
(৮)	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় বলেন যে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ রাজস্ব খাতে কর্মরত ২য়,৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সৃষ্ট পদ/কর্মরত পদ/শুন্য পদের তালিকা প্রেরণ করা হয়েছে। এছাড়া ২০২১ শিক্ষাবর্ষে মাধ্যমিক বিদ্যালয়ে চাহিদাকৃত পাঠ্যপুস্তকের সংখ্যা ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত- ৮,৬৭,২০০কপি, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত - ১,২৬,৩৮৫কপি, এবং ভোকেশনাল (এস.এস.সি ও দাখিল ভোকেশনাল এবং ট্রেড বই সহ)- ২৮,৩৪৩কপি, ইবতেদায়ী প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত -১,০৩,৩১৫ কপি সহ সর্বমোট ১১,২৫,২৩৮কপি। প্রাপ্ত পাঠ্যপুস্তকের সংখ্যা ইবতেদায়ী প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত - ১,০৩,৩১৫ কপি এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৬,৭৮,৭৬৭ কপি, দাখিল মাদ্রাসায় ১,০৯,১৭৫ কপি পাঠ্যপুস্তক পাওয়া গিয়াছে। এছাড়া ২০২১ শিক্ষাবর্ষের মাধ্যমিক বিদ্যালয়, দাখিল মাদ্রাসা ও স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার প্রাপ্ত বিনামূল্যের পাঠ্যপুস্তক সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। অবশিষ্ঠ পাঠ্য পুস্তক প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে বিতরণ করা হবে। ২০২২ শিক্ষাবর্ষের মাধ্যমিক বিদ্যালয়, দাখিল মাদ্রাসা ও স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার পাঠ্যপুস্তকের চাহিদা সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে।	সরকারী নির্দেশনা ও নীতিমালা মোতাবেক পাঠ্যপুস্তক বিতরণ সহ অন্যান্য কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর।
(৯)	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ভর্তি ও উপবৃত্তি প্রাপ্তির জন্য জন্ম নিবন্ধন আবশ্যক। বর্তমানে নগদের মাধ্যমে উপবৃত্তি দেয়া হবে।এখানে শিক্ষার্থীদের ডাটা প্রদানের ক্ষেত্রে জন্ম নিবন্ধন নম্বর প্রদান করা না হলে তাদের তথ্য অনলাইনে প্রদান করা যায় না। আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের তথ্য ও উপবৃত্তির চাতিদা অনলাইনে আপলোড করতে হবে। কিন্তু এখন পর্যন্ত অনেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন না থাকায় শিক্ষার্থীদের দ্রুত জন্ম নিবন্ধন প্রাপ্তির বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানদের সহযোগীত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়। এচাড়া বিভাগের অন্যান্য কাজ সুষ্ঠু ভাবে চলছে।	সরকারী নির্দেশনা ও নীতিমালা মোতাবেক উপবৃত্তি সহ অন্যান্য কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা শিক্ষা অফিসার, সদর।
(১০)	মহিলা বিষয়ক বিভাগ	অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রত্যেক কর্মকর্তাকে নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করেন। পর পর তিনটি	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপজেলা মহিলা বিয়য়ক কর্মকর্তা,

		সভায় অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানো যেতে পারে।		সদর।
(১১)	সমাজসেবা বিভাগ	অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রত্যেক কর্মকর্তাকে নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করেন। পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানো যেতে পারে।	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
(১২)	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে বর্তমানে ঋণ বিতরনের পরিমাণ ২,৬৫,০৪,০০০/- টাকা। বর্তমান মাসে চলমান আদায় কৃত ঋণের পরিমাণ ২,০৮,৩৩১/-টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৫০ জন এবং প্রশিক্ষন প্রদান করা হয়েছে ৩৫০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন ০৮ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	ঋণ বিতরণ এবং ঋণ গ্রহীতা যুব ও যুব মহিলা কর্তৃক ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত কল্পে আত্মকর্মসংস্থান সৃষ্টির কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করবেন।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর
(১৩)	সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে অফিসের কার্যক্রম চলছে। অত্র উপজেলায় বাস্তবায়িত নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন সদস্যের মাঝে ১,২০,০০০/- টাকা করে সর্বমোট বিতরনকৃত ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০/- টাকা । জানুয়ারী২১ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ৭৮,৩৬,০০০ টাকা। জানুয়ারী/২১ পর্যন্ত ঋণ আদায়ের হার ৬৭%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৭,৫৩,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৭৮,৭৭,২৪০/- আদায় করা সম্ভব হয়েছে। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারী রাজস্ব (অডিট সেস, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) ১,৬০,০০০/- টাকা। এ পর্যন্ত ১,৬০,০০০/- টাকা আদায় করত চালানের মাধ্যমে জমা করা হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	সমবায় বিভাগের ঋণ কার্যক্রম এর আওতায় যথাযথ ভাবে ঋণ বিতরন ও আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার, সদর।
(১৪)	বি.আর.ডিবি	উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন যে, বর্তমান মাসে ঋণ বিতরণের পরিমান-৩,৭৫,০০০/- এবং আদায়ের পরিমান- ২,১৫,০০০ টাকা। অ-প্রধান শষ্য উৎপাদন প্রকল্পের নতুন দল গঠন করা হয়েছে- ০৩টি। এছাড়া সদর উপজেলার একজন বীর মুক্তিযোদ্ধাকে ১,০০,০০০/- ঋণ বিতরণ করা হয়েছে। তার বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে।	বিআরডিবি বিভাগের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর
(১৫)	জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় বলেন যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমারসিবল পাম্প যুক্ত অগভীর নলকুপের বরাদ্দ পাওয়া গিয়াছে যা টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সদর।
(১৬)	বন বিভাগ	অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রত্যেক কর্মকর্তাকে নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করেন। পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানো যেতে পারে।	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপজেলা বন কর্মকর্তা, সদর।

(১৭)	রাজস্ব তহবিল আয় ও ব্যয়ের অনুমোদন সংক্রান্ত	উপজেলা প্রকৌশলী পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন। ক) বাসাবাড়ি ও অফিস মেরামত। খ) পরিষদের জন্য নতুন আসবাবপত্র ক্রয়। গ) অফিস সরঞ্জাম ক্রয়।	বিস্তারিত আলোচনান্তে পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত,আসবাবপত্র ক্রয়, অফিস সরঞ্জাম ক্রয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মক্রমে গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।
(১৮)	রাজস্ব তহবিল সংক্রান্ত ঃ	রাজস্ব তহবিল সংক্রান্ত ঃ রাজস্ব তহবিলের ১৭ ডিসেম্বর/২০২০ থেকে ২৭ জানুয়ারী /২১ মাসের ব্যয় উপস্থাপন করা হয়। ১৭ ডিসেম্বর/২০২০ থেকে ২৭ জানুয়ারী/২০২১ পর্যন্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী বাবদ ৫৪,০০০/-, মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরি বাবদ ২৪,২০০/- ,আপ্যায়ন ব্যয় বাবদ ৩৭,৯৩০/-, আনুষঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৫০/- ,অফিস ও বাসা বাড়ি মেরামত বাবদ ১,৪৩,৫৬১/-, আনসারের বেতন বাবদ ৮,৩৩৩/-, পরিষদদের জীপ গাড়ী মেরামত বাবদ- ২০,৪০০/-, জাতীয় দিবস উদযাপন বাবদ ২৫,০৯৯/- , প্রকাশনা খাতে ৩৭,৮১৩/-, পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৯,৩৫০/-, বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন কাজের জামানত ফেরত ৪৫,০০০/-, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদরের অফিস রুমের আধুনিকায়ন বাবদ বিল প্রদান ৫,০০,৯৩৩/- উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস রুম আধুকায়নের বিল প্রদান ৫,৯৯,৮১৫/-, হলরুমের জন্য ভিজিটর চেয়ার ক্রয়ের বিল প্রদান বাবদ ৫,৮৯,২৬০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় ।	বিস্তারিত আলোচনান্তে ১৭ ডিসেম্বর/২০২০ থেকে ২৭ জানুয়ারী/২০২১ পর্যন্ত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী বাবদ ৫৪,০০০/-, মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরি বাবদ ২৪,২০০/- ,আপ্যায়ন ব্যয় বাবদ ৩৭,৯৩০/-, আনুষঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৫০/- ,অফিস ও বাসা বাড়ি মেরামত বাবদ ১,৪৩,৫৬১/-, আনসারের বেতন বাবদ ৮,৩৩৩/-, পরিষদদের জীপ গাড়ী মেরামত বাবদ- ২০,৪০০/-, জাতীয় দিবস উদযাপন বাবদ ২৫,০৯৯/-, প্রকাশনা খাতে ৩৭,৮১৩/-, পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৯,৩৫০/-, বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন কাজের জামানত ফেরত ৪৫,০০০/-, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদরের অফিস রুমের আধুনিকায়ন বাবদ বিল প্রদান ৫,০০,৯৩৩/- উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস রুম আধুকায়নের বিল প্রদান ৫,৯৯,৮১৫/-, হলরুমের জন্য ভিজিটর চেয়ার ক্রয়ের বিল প্রদান বাবদ ৫,৮৯,২৬০/- টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।	ক) সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।

মাননীয় সংসদ সদস্য (১৪২,জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মো: মোজাফ্ফর হোসেন জামালপুর সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে একসাথে কাজ করার জন্য সার্বিক সহযোগীতা প্রত্যাশা করেন। করোনা ভাইরাসের টিকা সরকারের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার তালিকা অনুযায়ী সবাই যেন নিতে পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া আজকের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সরকারী বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্ব সম্পন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা দেন।

সভার শেষ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, আজকের সভায় গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ জানান। করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে সামাজিক দুরত্ব মেনে চলা সহ সরকারী নির্দেশনা মোতাবেক মাস্ক ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি হাসপাতাল সমূহে সাধারণ রোগী সহ করোনা রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A. Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি, উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.১৪- ৯২৩

তারিখ ঃ ২৯ জানুয়ারী/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ১৪২- জামালপুর- ৫
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর।
৭। উপজেলা...অফিসার, জামালপুর সদর।
৮। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
৯। .... জামালপুর সদর, জামালপুর।
১০। অফিস কপি।

২৯/০১/২০২১
(ফরিদা ইয়াছমিন)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।